দৈনিক সংবাদ

তারিখ ..17..JUN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

# চৌহালী থানার ৪৩টি প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ছাত্রছাত্রীর হাতে এখনো বই পৌঁছেনি

সিরাজগঞ্জ, ১৬ই জুন (নিজস্ব সংবাদদাতা)।– চলতি শিক্ষা বর্ষের ৬ মাস অতিবাহিত হওয়ার পথে। অথচ এখন পর্যন্ত চৌহালী থানার ১৪টি সরকারি এবং ৩০টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীরা সরকারের বিনামূল্যের বই পায়নি। ফলে উল্লিখিত ক্লাসে অধ্যয়নরত প্রায় দু'হাজার ছাত্রছাত্রীর লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। বই দিতে না পারায় এই থানার ৫ম শ্রেণীর ১ম সাময়িক পরীক্ষা বাতিল করা হয়েছে।

জেলা সরকারি প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঘটনার সত্যতা স্বীকার করেছেন। তিনি বলেন, চৌহালী থানার ৫ম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজনীয় বই গুদামে রয়েছে। বই নিয়ে যাবার জন্য থানা শিক্ষা কর্মকর্তাকে লিখিতভাবে বহবার তাগাদা দেয়া হয়েছে। এতদসত্ত্বেও তিনি বই নিচ্ছেন না। এ ধরনের অমার্জনীয় অপরাধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হয়নি। অপর একটি সূত্র বলেছেন, উল্লিখিত থানার ৫ম শ্রেণীর বই দীর্ঘদিন থেকে অবহেলিত অবস্থায় পড়ে থাকায় উইপোকা আক্রমণ করেছে।

ইতিমধ্যেই উল্লেখযোগ্য বই নষ্ট হয়ে গেছে। থানা শিক্ষক সমিতি তাদের অভিযোগে বলেন যে, বইয়ের জন্য থানা শিক্ষা কর্মকর্তাকে প্রায়ই তাগাদা দেয়া হচ্ছে। তিনি বই আনার কোন গরজই দেখাচ্ছেন না। তার অবহেলার কারণ রহস্যজনক।